দামুড়হুদা নতিপোতায় কৃষি মেলার উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নতিপোতায় কৃষি মেলার শুভ উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১টার সময় প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে নতিপোতা হাই স্কুল চত্বরে এই কৃষি মেলার উদ্বোধন করা হয় এবং বিকাল ৪টার সময় পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

কৃষি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব স্থানীয় সরকার পরিচালক (ভারপ্রাপ্ত) আরাফাত রহমান। বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাস চন্দ্র সাহা উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চুয়াডাঙ্গা।

প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক বেলাল হোসেন এর সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল

ক্যাম্পের উদ্বোধন

দামুড়হুদায় বেসরকারি এনজিও প্রতিষ্ঠান সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল ক্যাম্পের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা।

শনিবার সকালে দিকে সিএসএস মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, যশোর জোন এর আয়জনে দামুড়হুদা সিএসএস এর শাখা কার্যালয়ে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করা হয়।

দামুড়হুদা সদর ইউপি সদস্য নূরুল ইসলাম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

সিএসএস এর আরএম তাপস ঘোষ এর সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কার্যালয়ের এআরএম রুবেল হোসেন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, ব্যাবসায়ী মিজানুর রহমান, দামুড়হুদা ব্রাঞ্চ ম্যানেজার আজিম উদ্দীন।

সিএসএস এর স্থপতি রেভারেন্ড পল মুন্সী’র স্মরণে প্রতি বছরের ন্যায় এবারও ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। গতকাল শনিবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত চলে ফ্রী মেডিকেল ক্যাম্প। প্রায় দুই শত জন সেবা প্রত্যাসীর মাঝে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। মেডিকেল ক্যাম্প পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা: মো: মোখলেছুর রহমান (মামুন)। এসময় আরও উপস্থিত ছিলেন স্হানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দামুড়হুদায় প্রাণিসম্পদ প্রদর্শনীর সমাপনী ও পুরস্কার

বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় প্রাণিসম্পদ প্রদর্শনীর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকাল ৪টার সময় উপজেলা চত্বরে অনুষ্ঠানের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রাণী সম্পদ অফিসার তাসলিমা আক্তার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, আনসার ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় অফিসার হারুন অর রসিদ।

দর্শনায় দুদিন ব্যাপি শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা

“উনত রাষ্ট্রের অভিষ্ঠ লক্ষ্য পৌছাতে শিক্ষার কোন বিকল্প নেই” এই স্লোগানকে সামনে রেখে দুদিন ব্যাপি দর্শনায় প্রাথমিক শিক্ষক
- শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

এ সভায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজলার (সদর উপজলার) আংশিক নির্বাচনি এলাকা ও সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৯ শত শিক্ষকদের নিয়ে চুয়াডাঙ্গা ২ আসনের এমপির আয়োজনে,দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবুর সার্বিক সহযাগিতায় দর্শনা অডিটারিয়াম প্রাঙ্গনে শিক্ষক-শিক্ষিকামন্ডলীর মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে মতবিনিময়সভা অনুষ্টিত হয়। এ

মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তার বক্তব্য বলেন, বর্তমান সরকার শিক্ষক শিক্ষিকাদের বেতন ভাতাসহ নানা ধরনের সুযোগ করে দিয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু একটি স্বপ্ন দেখেছিলেন একটি নিরক্ষর মুক্ত সোনার বাংলাদেশ।তারই সুযোগ্য কন্যা তার রেখে যাওয়া স্বপ্ন গুলো পৃরন করার জন্য দেশের মানুষের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আগে গ্রাম অন্ঝলে ছাত্র ছাত্রীরা স্কুলে যেতো না। এখন সরকার প্রত্যেক ছেলে মেয়েদের প্রতিমাসে কিছু টাকা দিচ্ছে।তাই আসুন আগামীতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে দেশকে উন্নত রাষ্ট হিসাবে গড়ে তুলি।

তিনি আরও বলেন, শুধুমাত্র জিপিএ-৫ অর্জন করলেই একজন শিক্ষার্থী ভালা ছাত্র হয়ে যাবে আমরা এটা মনে করিনা। আমাদর লক্ষ্যে শিক্ষার গুণগত মান উন্নয়ন করা। যাতে শিক্ষার্থীরা সমাপনী পরীক্ষায় পাশ করার পর উচ মাধ্যমিক ভর্তি হয় সেখানে পড়ালেখায় পূর্বের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। আরও লক্ষ্য রাখতে হবে আপনাদের পড়ালেখার পাশাপাশি খেলাধূলা, জাতীয় দিবসগুলা যথাযথ ভাবে পালন, অভিভাবক এবং মায়েদের সাথে নিয়মিত মতবিনিময়, দুর্বল শিক্ষার্থীদর প্রতি বিশেষ নজরদারী আপনাদেরকে গুরুত্বসহকারে দেখাশোনা করতে হবে।

বিশষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা, আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু বলেন, শিক্ষার্থীদের যোগ্য মানুষ হিসাবে গড়ে তুলতে হলে বিশেষ করে প্রাথমিক শিক্ষকদেরকে অবশ্যই সচেতন হতে হবে। তাদের সুন্দর ভবিষ্যতের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক এবং অভিভাবকদর একযোগে কাজ করতে হবে।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রকাশক ও সম্পাদক সরদার আলামিন, সহকারী পুলিশ সুপার মুনা বিশ্বাস, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগর সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা থানার অফিসার ইসচার্জ এ এইচ লুৎফুল কবীর, দামুড়হুদা উপজলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুরু ইসলাম, শাহারিয়ার কবির।

শিক্ষকদর মধ্যে থেক দিকনির্দেশনা মুলক বক্তব্য রাখেন, দর্শনা পুর্ব রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুণ অর রশিদ, দর্শনা কাস্টামস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হেলেনা পারভীন।
পরিশেষে প্রধান অতিথি এ মতবিনিময় সমাবেশের আলাচনা সভায় শিক্ষকদের মধ্যে থেকে যেসব সূচিন্তিত মতামত, পরামর্শ ও দিক-নির্দশনা ও সরকারের শিক্ষার মান সমূহসহ উন্নয়নের চিত্র তুলে ধরেন।অনুষ্টানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ।

চুয়াডাঙ্গায় পদযাত্রায় এসে বিএনপি নেতার মৃত্যু

চুয়াডাঙ্গা জেলা বিএনপির পদযাত্রায় এসে আলমডাঙ্গা উপজেলা বিএনপির সভাপতি আব্দুল জব্বার (৬৮) মারা গেছেন। নেতাকর্মীরা বলছেন, হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়েছে।

আজ শনিবার বিকেল ৪টার দিকে চুয়াডাঙ্গার নতুন জেলখানার সামনে থেকে পদযাত্রায় অংশ নেন তিনি। পদযাত্রা শুরুর পরপরই তিনি অসুস্থ হয়ে পড়েন। তাকে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গার মোমিনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাবিবুর রহমান শেখন জানান, তিনি আগে থেকেই অসুস্থ ছিলেন। পদযাত্রায় অংশ নিয়ে তিনি আরো বেশি অসুস্থ হয়ে পড়েন। এ সময় একটি গাড়িতে করে তাকে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় সরকারি কর্মকর্তা- কর্মচারীদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ৩৪ তম বার্ষিক সরকারি কর্মকর্তা- কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা সকাল দশটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চুয়াডাঙ্গায় সরকারি কর্মকর্তা কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের সমন্বয়ে জেলা পর্যায়ে ৩৪তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান, এ সময় তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

সকালে জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে, মশাল প্রজ্জ্বলন, মার্চ পাস্টের পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড় সহ বিভিন্ন প্রতিযোগিতা

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মোঃ আরাফাত রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা নেজারত ডেপুটি কালেক্টর সাদাত হোসেন সহ সকল উপজেলার নির্বাহী অফিসার, সহকারী কমিশনার(ভূমি) ও সকল উপজেলা থেকে আগত সরকারি কর্মকর্তা- কর্মচারি ও তাদের ছেলে-মেয়ে।

দামুড়হুদায় প্রাণী সম্পদ প্রদর্শনী উদ্বোধন

দামুড়হুদায় প্রাণী সম্পদ প্রদর্শনীর উদ্বোধন করেছেন উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। শনিবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা চত্বরে উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাণী সম্পদের আয়োজনে আনুষ্ঠানিকভাবে এই প্রদর্শনীর উদ্বোধন করেন।

উপজেলা প্রাণী সম্পদ অফিসার তাসলিমা আক্তার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন বর্তমান সরকার প্রাণী সম্পদ বিভাগকে বাংলাদেশে খুবই শক্ত অবস্থানে দাঁড় করিয়েছেন। সরকার এই বিভাগকে অনেক সাহায্য সহযোগিতা করছেন। আত্মকর্মসংস্থান হিসাবে প্রাণী সম্পদ এখন বাংলাদেশে খুবই গুরুত্ব বহন করে। আমিষ ও প্রোটিনের চাহিদা পূরণে অপরিহার্য ভূমিকা পালন করে প্রাণী সম্পদ বিভাগ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ অফিসার তাসলিমা আক্তার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় অফিসার হারুন অর রশিদ।

দর্শনায় মুদি দোকানের দেয়াল ভেঙ্গে দুটি দোকানে চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দুটি দোকানের দেয়াল ভেঙ্গে ও তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে। দর্শনা পৌর এলাকার পুরাতন বাজার রেলগেট মুল

সড়কের পাশে ব্যস্ততম স্থান।

গতকাল শুক্রবার ভোরে আনিসুরের মুদি দোকানের ২০ ইঞ্চি দেওয়াল ভেঙ্গে চোর চক্র হানা দেয়। এ সময় দোকানের ক্যাশ বাক্স ভেঙ্গে নগদ ৭০ হাজার টাকা, ৫ লিটারের ১০টি সায়াবিন তেলের বোতল

বিভিন্ন ব্রান্ডের সিগারেট, সাবান, কাটুন ভর্তি এলাচ অন্যান্য মালামাল সহ প্রায় দুইলাখ টাকার মালামাল নিয়ে যায়। এছাড়া রাস্তার বিপরীত পাশের আতিয়ার রহমানের দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন ব্রান্ডের চাপাতি, সিগারটসহ অন্যান্য মালামাল নিয়ে যায়।

গতকাল শুক্রবার সকালে দর্শনা থানার এসআই রাম চদ্র সহ সঙ্গীয় ফার্স ঘটনাস্হল পরিদর্শন করেন। তিনি দাবী করেন- আমি নিজ রাত ২ টার দিকেও এই সড়কে টহল ছিলাম। ভোরে এঘটনা ঘটত পারে। এ বিষয় দাকানর মালিক আনিসুর রহমান দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন দেয়াল ভেঙ্গে চুরি করেছে। তবে আমরা সিসি ক্যামেরা দেখে চোর সনাক্তসহ প্রয়োজনীয় ব্যাবস্থা নেব।

দামুড়হুদা বিষ্ণুপুর গ্রামে পুকুরের মধ্যে সদ্য ভূমিষ্ট শিশুর লাশ উদ্ধার

দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর গ্রামে পুকুরের মধ্যে সদ্য ভূমিষ্ট শিশুর লাশ উদ্ধার হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে স্থানীয়রা এই লাশ উদ্ধার করে পুকুর পাড়ের মাটিতে দাফন করে।

পুলিশ ও স্থানীয় সুত্রে জানাগেছে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামের দক্ষিণ পাড়ার আবুল হোসেনের ছেলে

সাইফুল ইসলাম আপেল ও একই গ্রামের বদরউদ্দিন এর ছেলে ইসমাইল হোসেনের পুকুরের ভিতরে বাজার করা ব্যাগের মধ্যে অজ্ঞাতনামা শিশুটিকে ভাসমান অবস্থায় দেখতে পান। পরবর্তীতে সাইফুল ইসলাম স্থানীয় লোকজনের সহায়তায় পুকুর হইতে শিশুটিকে উদ্ধারপূর্বক পুকুর পাড়ের মাটিতে দাফন করেন।

স্থানীয় লোকজনের মাধ্যমে দামুড়হুদা থানা পুলিশ সংবাদ পেয়ে ঘটনাস্থলে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এবং এসআই শেখর চন্দ্র মল্লিক ঘটনা স্থানে উপস্থিত হয়ে মাটি খুঁড়ে অজ্ঞাতনামা শিশুটি উদ্ধারপূর্বক জব্দ তালিকা প্রস্তুত করিয়া মৃত শিশুটির ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন শিশু বাচ্চাটির লাশ উদ্ধার করে ডাক্তারি পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩৭ পিচ ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার- ১

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩৭পিচ ইয়াবা সহ মিকাইল নামের একজনকে গ্রেফতার করেছে দামুড়হুদা থানা পুলিশ।

শুক্রবার সকাল ৬ টার দিকে উপজেলার বাঘাডাঙ্গা নতুনপাড়া মসজিদের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হলো উপজেলার দর্শনা থানার দুর্গাপুর গ্রামের আইয়ুব আলীর ছেলে মিকাইল (৩৯)।

পুলিশ সুত্রে জানাগেছে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই ইমরান ও এএসআই মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্স সহ উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের

বাঘাডাঙ্গা নতুনপাড়া মসজিদের সামনে থেকে ৩৭ পিচ ইয়াবা সহ মিকাইল কে গ্রেফতার করে। আসামীকে দামুড়হুদা মডেল থানায় হস্তান্তর করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন ইয়াবা সহ গ্রেফতারকৃতকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।